মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল

(www.barisalboard.gov.bd)

স্মারক নং- বশিবো/পনি/মাধ্য/২০১৫/৮০৭

তারিখ ঃ ১৭ সেপ্টেম্বর, ২০১৫খ্রি.

২০১৬ সালের এসএসসি পরীক্ষার ফরম পূরণের

বিজ্ঞপ্তি

বরিশাল শিক্ষা বোর্ডের আওতাভুক্ত মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক/প্রতিষ্ঠান প্রধান ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্যে ২০১৬ সালে অনুষ্ঠেয় মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক শিক্ষার্থীদের নির্বাচনি পরীক্ষা গ্রহণ, online এ ফরম পূরণ, পরীক্ষার ফি জমা ইত্যাদি সম্পর্কিত তথ্যাদি নিম্নে দেয়া হলোঃ

ক্রঃ নং	কাজের বিবরণ	তারিখ
১.	রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে জিপিএ উন্নয়ন এবং আবশ্যিক ও নৈর্বাচনিক বিষয়সমূহের এক থেকে চার বিষয়ে অকৃতকার্য পরীক্ষার্থী (যার ক্ষেত্রে যতটি বিষয় প্রযোজ্য) হিসেবে অংশগ্রহণে ইচ্ছুক পরীক্ষার্থীদের নিজ নিজ প্রতিষ্ঠান প্রধানের বরাবর সাদা কাগজে আবেদনের শেষ তারিখঃ	২৭/০৯/২০১৫
২.	নির্বাচনি পরীক্ষা গ্রহণসহ ফলাফল প্রকাশের শেষ তারিখ	০৫/১১/২০১৫
৩.	অনলাইনে সম্ভাব্য তালিকা প্রকাশ	১১/১১/২০১৫
৪.	অনলাইনে ফরম পূরণ করার তারিখ	১২/১১/২০১৫-১৮/১১/২০১৫
৫.	বিলম্ব ফি ছাড়া অনলাইনে ফি প্রেরণের টি টি করার শেষ তারিখ হিসাব নং - ২০০০১৩৬৭৯ (প্রয়োজনে বোর্ডে দাখিল করার জন্যে টিটি রসিদ সংরক্ষণ করতে হবে)	১৯/১১/২০১৫
৬.	১০০/- (একশত) টাকা হারে বিলম্ব ফিসহ অনলাইনে ফরম পূরণ	২০/১১/২০১৫-২৪/১১/২০১৫
৭.	পরীক্ষার্থী প্রতি ১০০/- (একশত) টাকা হারে বিলম্ব ফিসহ অনলাইনে ফি প্রেরণের টিটি করার শেষ তারিখ (শুধু সোনালী ব্যাংক, বি এম কলেজ শাখা, বরিশাল থেকে টিটি করা যাবে)	২৫/১১/২০১৫
৮.	Online এ eEIF সংশোধন ও নতুন অন্তর্ভুক্তি (২০১৬ সালের এসএসসি পরীক্ষার পরীক্ষক হওয়ার জন্য)	১২/১১/২০১৫-২৫/১১/২০১৫

উল্লিখিত সময়সূচি অনুযায়ী সকল শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানকে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হলো। একইসাথে পরীক্ষার্থী, শিক্ষক, অভিভাবক ও কেন্দ্রসচিবগণকে জানানো যাচ্ছে যে, ২০১৫ সালের ন্যায় ২০১৬ সালের মাধ্যমিক পরীক্ষায় কোনো পরীক্ষার্থীর পরীক্ষা নিজ বিদ্যালয়ে অনুষ্ঠিত হবে না। এক প্রতিষ্ঠান থেকে অন্য প্রতিষ্ঠানে পরীক্ষার্থী স্থানান্তরের মাধ্যমে পরীক্ষা গ্রহণ করা হবে।

উল্লেখ্য ২০১৬ সালের এসএসসি পরীক্ষায় নিয়মিত পরীক্ষার্থীদের বাংলা (আবশ্যিক) ২য় পত্র, ইংরেজি (আবশ্যিক) ১ম ও ২য় পত্র- এই ০৩ (তিন)টি পত্র বাদে সকল পত্রের পরীক্ষা সৃজনশীল পদ্ধতির প্রশ্নে অনুষ্ঠিত হবে।

১। নিয়মিত পরীক্ষার্থীঃ

২০১৪ - ২০১৫ শিক্ষাবর্ষে নিবন্ধনকৃত সকল শিক্ষার্থী নিয়মিত পরীক্ষার্থী হিসেবে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

২। অনিয়মিত পরীক্ষার্থীঃ

২০১৪ ও ২০১৫ সালে অনুষ্ঠিত এসএসসি পরীক্ষায় এক থেকে চার বিষয়ে যারা অকৃতকার্য কিন্তু নিবন্ধনের মেয়াদ আছে তারা অকৃতকার্য বিষয়সমূহে অথবা সকল বিষয়ে অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে ২০১৬ সালের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। ২০১২-২০১৩ সনের রেজিস্ট্রেশনধারী শিক্ষার্থী যারা ২০১৪ এবং ২০১৫ সানের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় অংশগ্রহণ করে নি, তারা অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে ২০১৬ সনের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

৩। জিপিএ উন্নয়নঃ

২০১৫ সালের এসএসসি পরীক্ষায় উত্তীর্ণ কিন্তু জিপিএ-৫.০০ (পাঁচ) এর কম অর্থাৎ জিপিএ ১.০০ থেকে ৪.৯৯ প্রাপ্ত পরীক্ষার্থীরা জিপিএ উন্নয়নের জন্য নিবন্ধনের মেয়াদ থাকা সাপেক্ষে ২০১৬ সালের জিপিএ উন্নয়ন পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে। এক্ষেত্রে তাদেরকে সকল বিষয়ে পরীক্ষা দিতে হবে। পরীক্ষার্থীদের নিজ বিদ্যালয়ের মাধ্যমে তালিকাভুক্ত হয়ে ফি সহ নির্দিষ্ট সময়ের মধ্যে আবেদন করতে হবে। কোনোক্রমেই তারা পূর্বের গৃহীত বিষয় পরিবর্তন করতে পারবে না এবং তাদেরকে পূর্বের নিবন্ধন নম্বর ব্যবহার করতে হবে। ২০১৫ সালের মূল প্রবেশপত্র ও একাডেমিক ট্রান্সক্রিপ্টের সত্যায়িত কপি আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে। তাদেরকে নিজ পাঠ্যসূচি অনুযায়ী পরীক্ষা দিতে হবে। আংশিক বিষয়ের পরীক্ষার্থীরা জিপিএ উন্নয়ন পরীক্ষা দিতে পারবে না।

৪। নির্বাচনি পরীক্ষাঃ

জিপিএ উন্নয়ন পরীক্ষার্থী ছাড়া সকল প্রকার (নিয়মিত ও অনিয়মিত) পরীক্ষার্থীকে অবশ্যই নির্বাচনি পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। প্রয়োজনবোধে বোর্ডে তাদের নির্বাচনি পরীক্ষার উত্তরপত্র, স্বাক্ষরলিপি সরবরাহ করতে হবে। এ কারণে নির্বাচনি পরীক্ষার উত্তরপত্র ও স্বাক্ষরলিপি যথারীতি সংরক্ষণ করতে হবে। নির্বাচনি পরীক্ষার উত্তরপত্র সমূহ বোর্ডের ২০১৬ সালের এসএসসি পরীক্ষার ফল প্রকাশের তারিখ থেকে ৯০ (নব্বই) দিন পর্যন্ত সংশ্লিষ্ট বিদ্যালয়ের প্রধানকে যথাযথভাবে সংরক্ষণ করতে হবে। যে সকল পরীক্ষার্থী ইতোমধ্যে এসএসসি পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হয়েছে, তাদের নির্বাচনি পরীক্ষায় উত্তীর্ণের বিষয়টি বাধ্যতামূলক নয়।

৫। স্ক্রাইব নিয়োগঃ

অন্ধ পরীক্ষার্থীদের শ্রুতি লেখক (স্ক্রাইব) পার্শ্ববর্তী স্বীকৃতিপ্রাপ্ত মাধ্যমিক বিদ্যালয়ের ৮ম শ্রেণির শিক্ষার্থীদের মধ্য থেকে নির্বাচন করতে হবে। নির্বাচিত শিক্ষার্থীর পূর্ণ বিবরণ ও ২ কপি সত্যায়িত ফটোসহ দরখাস্ত সংশ্লিষ্ট বিদ্যালয়ের প্রধান শিক্ষকের মাধ্যমে পরীক্ষা নিয়ন্ত্রকের অনুমতির জন্য ১৫/০১/২০১৬ তারিখের মধ্যে বোর্ডে পৌঁছাতে হবে।

৬। বয়সঃ

যে সকল শিক্ষার্থীর বয়স ০১ জানুয়ারি, ২০১৬ তারিখে ১৪(চৌদ্দ) বছরের কম বা ২০ (বিশ) বছরের বেশি হবে তাদেরকে ২০১৬ সালের এসএসসি পরীক্ষায় নিয়মিত পরীক্ষার্থী হিসেবে পরীক্ষা দানের সুযোগ দেয়া যাবে না। অনিয়মিত পরীক্ষার্থীদের বেলায় রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা পর্যন্ত বয়স শিথিলযোগ্য।

৭। বিবিধঃ

ক) কোনো শিক্ষার্থী এই বোর্ডের অনুমতিক্রমে বিদ্যালয় পরিবর্তন করে থাকলে সেক্ষেত্রে বিদ্যালয় পরিদর্শকের অনুমতিপত্রের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে। বোর্ডের পূর্বানুমতি ব্যতীত অন্য বিদ্যালয়ের নিবন্ধনকৃত শিক্ষার্থীর আবেদন তথ্য প্রেরণ শাস্তিযোগ্য অপরাধ এবং কোনো প্রকার যোগাযোগ ছাড়াই এরূপ প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে।

খ) ২০১৫ সালের এসএসসি পরীক্ষায় অভিযুক্ত পরীক্ষার্থীদের মধ্যে যাদের কেবল ২০১৫ সালের এসএসসি পরীক্ষা বাতিল বলে ঘোষিত হয়েছে অথবা ২০১৫ সালের পূর্ববর্তী বছরে বহিস্কৃত পরীক্ষার্থীদের মধ্যে যাদের শাস্তির মেয়াদ ২০১৫ সালে উত্তীর্ণ হয়েছে নিবন্ধনের মেয়াদ থাকলে তারা অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে সকল বিষয়ে ২০১৬ সালের পরীক্ষা দিতে পারবে।

গ) অন্য বোর্ড থেকে আগত পরীক্ষার্থীর নিবন্ধন রশিদ বোর্ডের নিবন্ধন বিভাগে জমা দিয়ে যথাসময়ে এই বোর্ড হতে নিবন্ধন করিয়ে বোর্ডের ইস্যুকৃত নিবন্ধন নম্বর পরীক্ষার আবেদনে ও সংশ্লিষ্ট সকল স্থানে উল্লেখ করতে হবে।

ঘ) সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল, হিসাব নংঃ ২০০০১৩৬৭৯ - এর অনুকূলে সোনালী ব্যাংকের যে কোনো শাখার টিটি মারফত ফি গ্রহণ করা হবে। গৃহীত ফি কোনোক্রমেই ফেরৎযোগ্য নয়।

৮। ইংরেজি মাধ্যমের পরীক্ষার্থীঃ

যে সকল বিদ্যালয়ে ইংরেজি মাধ্যমে পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক শিক্ষার্থী রয়েছে তাদের তালিকা প্রস্তুত করে আগামী ২০/১০/২০১৫ তারিখের মধ্যে উপ-পরীক্ষা নিয়ন্ত্রকের নিকট হাতে হাতে জমা দিতে হবে।

৯। ফি-এর হার: (ক) ২০১৬ সালে অনুষ্ঠেয় এসএসসি পরীক্ষার ফি-এর হার নিম্নরূপ ঃ

পরীক্ষার্থীর প্রকার	পরীক্ষার ফি (প্রতি পত্র)	ব্যবহারিক পরীক্ষার ফি (প্রতি পত্র)	একাডেমিক ট্রান্সক্রিপ্ট ফি /টেবুলেশন ফি (প্রতি পরীক্ষার্থী)	মূল সনদ ফি (প্রতি পরীক্ষার্থী)	অনিয়মিত ফি (প্রতি পরীক্ষার্থী)	অনুমতি ও তালিকাভুক্তি ফি (প্রতি পরীক্ষার্থী)	বয়েজ স্কাউট/গার্লস গাইড ফি (প্রতি পরীক্ষার্থী)	জাতীয় শিক্ষা সপ্তাহ ফি (প্রতি পরীক্ষার্থী)	ক্রীড়া মঞ্জুরি ফি (প্রতি প্রতিষ্ঠান)
০১	০২	০৩	০৪	০৫	০৬	০৭	০৮	০৯	১০
নিয়মিত পরীক্ষার্থী	৭০/-	৩০/-	৩৫/-	১০০/-	-	-	১৫/-	৫/-	৩০০/-
অনিয়মিত পরীক্ষার্থী যারা ইত:পূর্বে পরীক্ষার ফি প্রদান করেনি	৭০/-	৩০/-	৩৫/-	১০০/-	১০০/-	----	১৫/-	৫/-	
অনিয়মিত পরীক্ষার্থী যারা ইত:পূর্বে পরীক্ষার ফি প্রদান করেছে	৭০/-	৩০/-	৩৫/-	----	১০০/-	----	১৫/-	৫/-	
জিপিএ উন্নয়ন পরীক্ষার্থী	৭০/-	৩০/-	৩৫/-	১০০/-	----	১০০/-	১৫/-	৫/-	

(খ) কেন্দ্র ফিঃ (সংশ্লিষ্ট কেন্দ্রের কেন্দ্রসচিবকে দিতে হবে)

১। সকল প্রকার পরীক্ষার্থী যাদের ব্যবহারিক পরীক্ষা নেই (জনপ্রতি) ২৫০/- (দুইশত পঞ্চাশ) টাকা।

২। সকল প্রকার পরীক্ষার্থী যাদের ব্যবহারিক পরীক্ষা আছে (জনপ্রতি) ৩০০/- (তিনশত) টাকা।

জ্ঞাতব্য বিষয়ঃ

০১। যে সকল পরীক্ষার্থী ২০১৪ সালের এসএসসি পরীক্ষায় ১ থেকে ৪ বিষয়ে অকৃতকার্য হয়ে ২০১৫ সালের এসএসসি পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করে উত্তীর্ণ হয়েছে তারা ২০১৬ সালে অনুষ্ঠেয় এসএসসি পরীক্ষায় জিপিএ উন্নয়নের জন্য অংশগ্রহণ করতে পারবে না।

০২। যে সকল পরীক্ষার্থী ২০১৪ সালের এসএসসি পরীক্ষায় ১ বিষয়ে অকৃতকার্য হয়ে রেজিস্ট্রেশন নবায়ন পূর্বক ২০১৫ সালের এসএসসি পরীক্ষায় অংশগ্রহণ করে উত্তীর্ণ হয়েছে তারা ২০১৬ সালে অনুষ্ঠেয় এসএসসি পরীক্ষায় জিপিএ উন্নয়নের জন্য অংশগ্রহণ করতে পারবে না।

০৩। যে সকল পরীক্ষার্থী ২০১৪ সালের এসএসসি পরীক্ষায় ১ থেকে ৪ বিষয়ে অকৃতকার্য কিন্তু ২০১৫ সালের এসএসসি পরীক্ষায় অংশগ্রহণ করেনি তারা রেজিস্ট্রেশনের মেয়াদ থাকলে ২০১৬ সালে অনুষ্ঠেয় এসএসসি পরীক্ষায় ঐ ১ থেকে ৪ বিষয়ে অথবা সকল বিষয়ে অংশগ্রহণ করতে পারবে।

০৪। যে সকল পরীক্ষার্থী ২০১৪ সালের এসএসসি পরীক্ষায় ১ থেকে ৪ বিষয়ে অকৃতকার্য (ঐচ্ছিক বিষয় ছাড়া) হয়ে ২০১৫ সালের এসএসসি পরীক্ষায় পুনরায় ঐ ১ থেকে ৪ বিষয়ে পরীক্ষা দিয়ে আংশিক বিষয়/ বিষয় সমূহে কৃতকার্য হয়েছে রেজিস্ট্রেশনের মেয়াদ থাকলে তারা ২০১৬ সালে এসএসসি পরীক্ষায় অবশিষ্ট অকৃতকার্য বিষয়/ বিষয় সমূহের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

০৫। যে সকল পরীক্ষার্থী ২০১৫ সালের এসএসসি পরীক্ষায় উত্তীর্ণ অথচ ঐচ্ছিক (চতুর্থ) বিষয়ে অকৃতকার্য, তারা ২০১৬ সালের এসএসসি পরীক্ষায় উক্ত ঐচ্ছিক (চতুর্থ) বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।

০৬। যে সকল পরীক্ষার্থী ২০১৪ সালের এসএসসি পরীক্ষায় ১ থেকে ৪ বিষয়ে অকৃতকার্য হয়ে ২০১৫ সালের এসএসসি পরীক্ষায় ঐ ১ থেকে ৪ বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণকালে বহিস্কৃত বা রিপোর্টেড, শৃংখলা কমিটির সিদ্ধান্ত মোতাবেক কেবলমাত্র ২০১৫ সালের পরীক্ষা বাতিল হয়েছে, রেজিস্ট্রেশনের মেয়াদ থাকলে তারা ২০১৬ সালের এসএসসি পরীক্ষায় সকল বিষয়ে অংশগ্রহণ করতে পারবে।

০৭। পাঠ্যসূচি ঃ

ক) ২০১১-২০১২, ২০১২-২০১৩ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের ২০১৪ সালের সিলেবাস অনুযায়ী প্রণীত প্রশ্নপত্রে পরীক্ষা অনুষ্ঠিত হবে।

খ) ২০১৩-২০১৪, ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের ২০১৬ সালের সিলেবাস অনুযায়ী প্রণীত প্রশ্নপত্রে পরীক্ষা অনুষ্ঠিত হবে।

০৮। যে সকল পরীক্ষার্থী (সেশন ২০১১-২০১২) ০১ (এক) বিষয়ে অকৃতকার্য (ঐচ্ছিক বিষয় ছাড়া) রয়েছে এবং তারা রেজিস্ট্রেশন নবায়ন করে শুধু ২০১৬ সালের মাধ্যমিক পরীক্ষায় অকৃতকার্য ঐ ০১ (এক) বিষয়ে অংশগ্রহণ করতে পারবে। সংশ্লিষ্ট পরীক্ষার্থীদেরকে বোর্ডের বিদ্যালয় শাখায় ২০১৩/২০১৪/২০১৫ সালের পরীক্ষার টেবুলেশন শিটের ফটোকপি, মূল রেজিস্ট্রেশন কার্ড ও নবায়ন ফি বাবদ ২০০/= (দুই শত) টাকার ব্যাংক ড্রাফট সহ আবেদন জমা দিয়ে আগামী ১৫/১০/২০১৫ তারিখের মধ্যে রেজিস্ট্রেশন নবায়ন করতে হবে।

০৯। ২০১৬ সালের এসএসসি পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক নিয়মিত পরীক্ষার্থীরা ঐচ্ছিক বিষয়ের সুবিধা পাবে। তবে আংশিক বিষয়ে (১ থেকে ৪ বিষয়) অংশগ্রহণে ইচ্ছুক পরীক্ষার্থীরা ঐচ্ছিক বিষয়ের আবেদন করতে পারবে না।

১০। ভিন্ন শিক্ষাবোর্ড প্রণীত প্রশ্নপত্রে পরীক্ষা গ্রহণ করা হবে। সুতরাং প্রথাগত সাজেশন নির্ভর প্রস্তুতি পরিহার করে পাঠ্যপুস্তক ভিত্তিক সামগ্রিক প্রস্তুতি নেয়ার জন্য বলা হলো।

১৭.৯.১৫

মুহাম্মদ শাহ্ আলমগীর
পরীক্ষা নিয়ন্ত্রক
ফোন অফিস ঃ ০৪৩১-৬৪০৮৫

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলোঃ

১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, ঢাকা
২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, ঢাকা
৩। জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার, এই বোর্ডের আওতাধীন সকল জেলা ও উপজেলা
৪। বরিশাল শিক্ষাবোর্ডের সকল কর্মকর্তা
৫। সহকারী মহাব্যবস্থাপক, সোনালী ব্যাংক লিমিটেড, বরিশাল কর্পোরেট শাখা
৬। বরিশাল শিক্ষাবোর্ডের আওতাধীন সকল বিদ্যালয়প্রধান
৭। ওয়েবসাইট ঃ www.barisalboard.gov.bd
৮। নোটিশ বোর্ড

১৭.০৯.১৫

অরুন কুমার গাইন
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক
ফোন অফিসঃ ০৪৩১-৬৫১৮২